সমকাল

তারিখ : 13 JUL 2012
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

### অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্টের টাকা কর্তন

# দেশজুড়ে শিক্ষকদের মানববন্ধন-বিক্ষোভ

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন থেকে অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের জন্য অতিরিক্ত টাকা কেটে রাখার প্রতিবাদে গতকাল বুধবার দেশজুড়ে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন শিক্ষকরা। প্রতিবাদ সমাবেশে তারা অবিলম্বে বাড়তি ৪ শতাংশ টাকা কেটে রাখার প্রজ্ঞাপন বাতিল করতে সরকারের কাছে দাবি জানান। 'বাংলাদেশ শিক্ষক সমিতি' ও 'বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি'র যৌথ উদ্যোগে এ মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালিত হয়।

গতকাল রাজধানীসহ দেশজুড়ে জেলা ও উপজেলা সদরে পূর্বঘোষিত এ কর্মসূচি পালন করা হয়। কেন্দ্রীয়ভাবে ঢাকায় বেলা ১১টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ শেষে একটি র‍্যালি শিক্ষা ভবন এলাকা প্রদক্ষিণ করে প্রেস ক্লাবে এসে শেষ হয়। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিক। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. নুর মোহাম্মদ তালুকদার, সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. আবুল কাশেম, সহসভাপতি রঞ্জিত ■ পৃষ্ঠা ৪ : কলাম ২

## দেশজুড়ে শিক্ষকদের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

কুমার সাহা, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক এমএ বারী, ড. আজিজুর রহমান, অধ্যক্ষ মো. বজলুর রহমান মিয়া, অধ্যক্ষ মো. আবু বকর চৌধুরী, আলী আসগর হাওলাদার, অধ্যক্ষ আকমল হোসেন, অধ্যক্ষ মো. কাওছার আলী শেখ, অধ্যাপক মিজানুর রহমান মজুমদার, মণি হালদার, মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, অধ্যাপক আবু জামিল মো. সেলিম প্রমুখ নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ বলেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের ১০ শতাংশ কেটে রাখার বিষয়ে যে গেজেট প্রকাশ করা হয়েছে, তাতে শিক্ষকসমাজ বিভ্রান্ত ও ক্ষুব্ধ। তারা এর তীব্র প্রতিবাদ এবং তা প্রত্যাহারের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

এ ছাড়া বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ৫ শতাংশ বেতন বৃদ্ধি, বৈশাখী ভাতা, পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও বাড়িভাড়া প্রদানসহ শিক্ষাব্যবস্থা জাতীয়করণের দাবি জানানো হয়।

**ফরিদপুর অফিস** জানায়, ফরিদপুর প্রেস ক্লাবের সামনে বেলা ১১টায় আয়োজিত মানববন্ধনে বক্তারা বলেন, শিক্ষকদের কাছ থেকে অবসর ও কল্যাণ ভাতার ১০ শতাংশ চাঁদা গ্রহণের সিদ্ধান্ত অত্যন্ত দুঃখজনক। এ সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানান তারা। শিক্ষক সমিতি ফরিদপুর সদর উপজেলার সভাপতি একেএম ইউসুফ আলী এতে সভাপতিত্ব করেন।

**গোপালগঞ্জ প্রতিনিধি** জানান, গোপালগঞ্জ প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছে জেলা মাধ্যমিক শিক্ষক সমিতি। এতে বক্তব্য রাখেন গোপালগঞ্জ জেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মো. মাহে আলমসহ অনেকে।

**ঝিনাইদহ প্রতিনিধি** জানান, গতকাল সকালে ঝিনাইদহ শহরের পোস্ট অফিস মোড়ে এ মানববন্ধন কর্মসূচি পালন করে বাংলাদেশ শিক্ষক সমিতি। ঘণ্টাব্যাপী এই মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতি জেলা শাখার সভাপতি মহিউদ্দিন।

**লালমনিরহাট প্রতিনিধি** জানান, লালমনিরহাটেও মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ পালিত হয়েছে। গতকাল দুপুর ১২টায় জেলার মিশনমোড়ে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) লালমনিরহাট জেলা শাখার আয়োজনে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) লালমনিরহাট জেলা শাখার আহ্বায়ক মোফাজ্জল হোসেন এতে সভাপতিত্ব করেন।

**ঈশ্বরদী প্রতিনিধি** জানান, শিক্ষক সমিতি ঈশ্বরদী উপজেলা শাখার উদ্যোগে এ কর্মসূচি পালন করা হয় প্রেস ক্লাবের সামনের সড়কে। মানববন্ধন শেষে পথসভায় বক্তব্য রাখেন শিক্ষক সমিতি উপজেলা কমিটির সভাপতি ফজলুল হক, সাধারণ সম্পাদক আয়নুল হক, সহসভাপতি ইব্রাহিম হোসেন, সাংগঠনিক সম্পাদক মিনহাজ উদ্দিনসহ আরও অনেকে।

**নোয়াখালী (উত্তর) প্রতিনিধি** জানান, চাটখিল উপজেলার বেসরকারি শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল সকালে উপজেলার কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে উপজেলার বেসরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মনিরুজ্জামান আনসারীর সভাপতিত্বে বক্তব্য রাখেন শিক্ষক নেতারা। গতকাল উপজেলার সব মাধ্যমিক বিদ্যালয়ে অর্ধবার্ষিক পরীক্ষা বন্ধ রেখে ৪ শতাধিক শিক্ষক-কর্মচারী এ কর্মসূচিতে অংশ নেন।

**মঠবাড়িয়া (পিরোজপুর) প্রতিনিধি** জানান, একই দাবিতে শিক্ষক সমিতি, কারিগরি শিক্ষক ও বাকবিশিস মঠবাড়িয়া উপজেলা শাখার উদ্যোগে সকাল ১০টায় পৌরসভার সামনের সড়কে শিক্ষক নেতা আব্দুর রাশেদ হাওলাদারের সভাপতিত্বে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

**নিজস্ব প্রতিবেদক, বাগেরহাট** জানান, বাগেরহাটে শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল সকালে বাগেরহাট প্রেস ক্লাবের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালিত হয়। এতে বক্তৃতা করেন জেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মুকুন্দ দাস, উপজেলা শিক্ষক সমিতির সভাপতি হুমায়ুন কবির, সাধারণ সম্পাদক আবুল হাসনাত স্বপন প্রমুখ।